

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৩৭২

বিশ্রামগঞ্জ, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

স্বচ্ছতা হি সেবা  
বিশ্রামগঞ্জে পথনাটক

স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে আজ বিশ্রামগঞ্জ মোটরস্ট্যাভে পথনাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিপাহীজলা জেলা প্রশাসন এবং জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে স্বচ্ছ ভারত অভিযানে এই কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ স্বচ্ছতা বিষয়ক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পথনাটক মঞ্চস্থ করে। তাছাড়াও এদিন স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে বিশালগড় ব্লকের রাস্তারমাথা ও মধুপুর বাজার প্রাঙ্গণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পথনাটক মঞ্চস্থ হয়।

\*\*\*\*\*